

বিজ্ঞপ্তি নম্বর ২৭৩

তারিখ ২৭/৭/১৬

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (অনিয়মিত ও গ্রেড উন্নয়ন বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অনলাইন আবেদন ফরম পূরণপূর্বক নিম্নবর্ণিত বিষয় ও তারিখ অনুযায়ী কলেজ ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) প্রয়োজনীয় ফি জমা দিয়ে প্রিন্টকৃত ফরম স্ব-স্ব বিভাগে জমা দেয়ার জন্য বলা হলো।

ক্রমিক নম্বর	তারিখ	বিষয়	সময়
০১	০১/০৮/২০১৬	ইসলামী শিক্ষা/ফিন্যান্স ও ব্যাংকিং/ দর্শন	সকাল ১০.০০ টা হতে বেলা ৩ টা পর্যন্ত
০২	০২/০৮/২০১৬	ব্যবস্থাপনা/ ইংরেজি	ঐ
০৩	০৩/০৮/২০১৬	রাষ্ট্রবিজ্ঞান/ ইতিহাস / প্রাণিবিজ্ঞান	ঐ
০৪	০৪/০৮/২০১৬	হিসাববিজ্ঞান/ উদ্ভিদবিদ্যা/ মাকেটিং	ঐ
০৫	০৭/০৮/২০১৬	অর্থনীতি/ পদার্থবিজ্ঞান/ গণিত	ঐ
০৬	০৮/০৮/২০১৬	ইসলামের ইতিহাস/ বাংলা/ রসায়ন	ঐ

পরীক্ষার ফি

১। তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্র	২০০/-	৮। কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী)	৩৫০/
২। তত্ত্বীয় প্রতি অর্ধ-পত্র	১৪০/-	৯। কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)	১২০/-
৩। ব্যবহারিক প্রতি পত্র / কোর্স	২০০/-	১০। বেতন এক বছরের (১২* ৮ ২৫/-)	৩০০/-
৪। ইনকোর্স পরীক্ষার ফি বিশ্ববিদ্যালয়ের জন্য (প্রতি পরীক্ষার্থী)	১০০/-	১১। পুনঃ ভর্তি ফি	১২/৫০
৫। মৌখিক পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী)	২০০/-	১২। সেশন ফি	৭৭৫/-
৬। বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীর জন) পত্র ফির অতিরিক্ত	৩০০/-	১৩। ব্যবস্থাপনা ফি	৫০/-
৭। শুধুমাত্র ইংরেজি (আবশ্যিক) পরীক্ষার্থীর জন্য	৫০০/-	১৪। বিবিধ	১০০/-

বিঃদ্রঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ নাই।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

- ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে তারা যে সকল কোর্সে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সে সকল কোর্সে ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করতে পারবে। উল্লেখ্য মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ না করলে এ পরীক্ষার্থী উল্লিখিত কোর্সে পরবর্তী বছরে মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণের আর কোন সুযোগ পাবে না। যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়েছে তারা ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করতে পারবে। উল্লেখ্য, মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষা একই সঙ্গে দেয়া যাবে। সংশোধিত পরীক্ষা রেজালেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী প্রাপ্ত F গ্রেড কে D বা উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত অংশ গ্রহণের সুযোগ পাবে। F গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করে D বা উচ্চতর গ্রেড না পেলে পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষা শেষে অনার্স ভিত্তি প্রাপ্য হবে না।
- ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ এবং ২০১২-১৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় যেসব পরীক্ষার্থী যে/যেসব কোর্সে F গ্রেড পেয়েছে কিন্তু ৩য় বর্ষে Promoted হয়েছে তারা ২০১৫ সালের (বিশেষ) পরীক্ষায় ঐ F গ্রেড পাওয়া কোর্সে অংশ গ্রহণ করতে পারবে। F গ্রেড কোর্স D বা এর বেশী গ্রেডে উন্নীত হলে ঐ কোর্সে মান উন্নয়ন পরীক্ষার সুযোগ নাই।
- ২০১২-১৩ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৫ সালের অনার্স ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থী তাদের পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে C বা D গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে। ২০১৪ সালের পরীক্ষায় যে সকল শিক্ষার্থী C+ বা এর বেশি গ্রেড প্রাপ্ত হয়েছে তারা কোন অবস্থায় তত্ত্বীয় কোর্সগুলির পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না। একই সাথে ইংরেজী আবশ্যিক কোর্সে অকৃতকার্য পরীক্ষার্থীরা ইংরেজী আবশ্যিক পরীক্ষায় অংশ নেবে। কেবল মাত্র ২০১৪ সালের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য কোর্সে ২০১৫ সালের (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। ২০১৪ সালের ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পুনরায় ঐ কোর্সে পরীক্ষা বা মানোন্নয়ন পরীক্ষার সুযোগ নাই।
- ইংরেজী আবশ্যিক (কোড-৯৯৯৯) কোর্সে অকৃতকার্য ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ এবং ২০১২-১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৫ সালের (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।


আবেদন ফরমের সাথে সদস্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ফলাফলের ফটোকপি ও ০১ কপি ছবি ফরমের সাথে লাগিয়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।


অধ্যক্ষ
কারমাইকেল কলেজ রংপুর

স্মারক নম্বর.....

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- উপাধ্যক্ষ, এই কলেজ
- আহবায়ক, ২য় বর্ষ অনার্স পরীক্ষা কমিটি-২০১৫, এই কলেজ
- সকল বিভাগীয় প্রধান, এই কলেজ
- ম্যানেজার, ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং, রংপুর
- গ্রন্থাগারিক, এই কলেজ
- প্রধান সহকারী/হিসাবরক্ষক/ক্যাশিয়ার, এই কলেজ
- কলেজ ওয়েবসাইট/ নোটিশ বোর্ড/৯। সংরক্ষণ নথি।


২৭.৭.১৬
অধ্যক্ষ


২৭.৭.১৬
কারমাইকেল কলেজ রংপুর